'আমিষেই শক্তি,আমিষেই মুক্তি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
dls.alamdanga.chuadanga.gov.bd

স্মারক নং:- ৩৩.০১.১৮০৭.০০০.১৬.০০৩.২৬-১৫৪ তারিখঃ ০৪/০৮/২০২৬ খ্রিঃ

## অফিস আদেশ

বিষয়: নামিদামি ব্র্যান্ডের মোড়ক ব্যবহার করে ভেজাল ও নকল পশুখাদ্য বিক্রি বন্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে আলমডাঙ্গা উপজেলায় পশুখাদ্যের বাজারে এক শ্রেণির অসাধু চক্র সক্রিয় হয়ে উঠেছে বলে জানা যাচ্ছে। তারা দেশের স্বনামধন্য ও নামিদামি ব্র্যান্ডের খালি বস্তা বা মোড়ক (প্যাকেট) সংগ্রহ করে তার ভেতরে অত্যন্ত নিম্ন মানের, মেয়াদোত্তীর্ণ এবং ক্ষতিকর ভেজাল খাদ্য ভর্তি করে সাধারণ খামারিদের কাছে বিক্রি করছে বলে শোনা যাচ্ছে। এই ধরনের জঘন্য প্রতারণার ফলে নিম্নোক্ত মারাত্মক সমস্যাগুলো দেখা দিচ্ছে যথা-ভেজাল খাদ্য খেয়ে গবাদি পশু ও হাঁস-মুরগি অসুস্থ হয়ে মারা যেতে পারে ফলশ্রুতিতে খামারিরা চরম আর্থিক ক্ষতির মুখে পড়ছেন। এছাড়া অসুস্থ পশু-পাখির দুধ,মাংস ও ডিম খেয়ে মানুষের শরীরে জটিল রোগ ছড়াচ্ছে এবং জনস্বাস্থ্য ঝুঁকি বাড়ছে।দুই-একজন অসাধু ব্যবসায়ীর জন্য পুরো বাজারের সৎ বিক্রেতাদের সুনাম নষ্ট হচ্ছে। পশুখাদ্য আইন-২০১০ অনুযায়ী, ব্র্যান্ডের মোড়ক নকল করা বা নকল খাদ্য মজুত ও বিক্রি করা একটি গুরুতর এবং দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়,গবাদিপশু-পাখি ও জনস্বাস্থ্য সুরক্ষায় মৎস্য ও পশুখাদ্য আইন-২০১০ ও বিধিমালা-২০১৩ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেশভাবে অনুরোধ করা হল। আজকের পর থেকে পশুখাদ্য প্রস্তুতকরণ ও বিক্রয়ে কোন ধরণের অসদুপায় অবলম্বন করলে তার বিরুদ্ধে পশুখাদ্য আইন-২০১০ ও ভোক্তা অধিকার আইন-২০০৯ এর আলোকে কঠোর ও দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪/০৮/২৬

ডাঃ এস.এম.মাহমুদুল হক
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা
e-mail:uloalamdanga1@gmail.com
কর্পোরেট মোবা:নম্বর-০১৩২৪-২৮৯৬৩৭

স্মারক নং:- ৩৩.০১.১৮০৭.০০০.১৬.০০৩.২৬-১৫৪(৭) তারিখঃ ০৪/০৮/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মাননীয় সংসদ সদস্য,চুয়াডাঙ্গা-১ (ইহা আপনার সদয় অবগতির জন্য)।
২। উপজেলা নির্বাহী অফিসার,আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা।
৩। সহকারী কমিশনার (ভূমি), আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা।
৪। অফিসার ইন চার্জ,আলমডাঙ্গা থানা, আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা।
৫। জনাব.......................................,বিশিষ্ট পশু খাদ্য বিক্রেতা,......................................,আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা।
৬। জনাব.......................................,সভাপতি/সেক্রেটারী,.........................................আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা।
৭। অফিস কপি।

০৪/০৮/২৬

ডাঃ এস.এম.মাহমুদুল হক
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
আলমডাঙ্গা,চুয়াডাঙ্গা

CamScanner